গাংনীতে সড়ক দূর্ঘটনায় স্কুল ছাত্র নি*হত

নানার বাড়িতে এসএসসি পাশের মিষ্টি দিয়ে বাড়ি ফেরা হলোনা জান্নাতুজ্জামান চঞ্চলের (১৬)। মিষ্টি দিয়ে বাড়ি ফেরার সময় পথেই হলো নিথর।

নিহত জান্নাতুজ্জামান চঞ্চল (১৫) গাংনী উপজেলা চৌগাছা মোল্লাপাড়া গ্রামের রকিবুজ্জামানের ছেলে ও সন্ধানী স্কুল এন্ড কলেজের ছাত্র। জান্নাতুজ্জামান চঞ্চল ২০২৪ সালে এসএসসি পরীক্ষা দিয়ে পাশ করেছে। তার ফলাফল জিপিএ ৪.৩৩।

আজ সোমবার (১৩ এপ্রিল) বিকাল ৪ টার দিকে গাংনী-কাথুলি সড়কের ভাটপাড়া ডিসি ইকোপার্কের নিকট ট্রাকের ধাক্কায় নিহত হয় সে।

নিহতের বাবা রাকিবুজ্জামান জানান, গতকাল ছেলে এসএসসি পাশের ফলাফল পেয়েছে। তারা নানীবাড়ি ধলা গ্রামে পরীক্ষার ফলাফলের মিষ্টি দিতে গেছিল।

নিহতের বন্ধু আলিফ জানান, ইজিবাইকে চড়ে আমরা নওপাড়া থেকে গাংনী আসছিলাম। পেছন থেকে একটি দ্রুতগামী ট্রাক ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে অটোর ৪ যাত্রী। মূমূর্ষ অব্স্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক সুমাইয়া আক্তার জানান, হাসপাতালে আনার আগেই সে মারা গেছে। তার মাথায় আঘাত লাগায় প্রচন্ড রক্তক্ষরণে তার মৃতু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, নিহতের মরদেহ উদ্ধারে পুলিশ হাসপাতালে পৌছেছে। ঘটনার পরপরই ঘাতক ট্রাকটি পালিয়ে গেছে।

গাংনী উপজেলা নির্বাচন থেকে সরে দাঁড়ালেন যুবলীগ সভাপতি মোশাররফ

গাংনী উপজেলা পরিষদ নির্বাচন থেকে ঘোষণা দিয়ে সরে দাঁড়ালেন মোটরসাইকেল প্রতীকের চেয়ারম্যান প্রার্থী ও গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন।

আজ মঙ্গলবার (১৩ এপ্রিল) সকাল ১১ টার সময় গাংনী উপজেলা যুবলীগের অফিসে সাংবাদিক সম্মেলন করে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন তিনি।

লিখিত বক্তব্যে চেয়ারম্যান প্রার্থী মোশাররফ হোসেন বলেন, ব্যাক্তিগত ও পারিবারিক কারনে এবং আগামীতে দলীয় ঐক্যের স্বার্থে নির্বাচন থেকে সরে দাঁড়াচ্ছেন তিনি। তিনি বলেন নির্বাচনে যে সব নেতাকর্মী, সমর্থক ও ভোটার ভাই বোনেরা আমাকে এতদিন সমর্থন জানিয়েছেন তাদের প্রতিও কৃতগতা প্রকাশ করছি। নির্বাচন থেকে সরে দাঁড়ানোর জন্য আপনরা যে কষ্ট পেয়েছেন তার জন্য আমি আন্তরিকভাবে ক্ষমা প্রকাশ করছি। তিনি বলেন, যে কোনো গণতান্ত্রিক লড়াই সংগ্রামে আমি আপনাদের সাথে ছিলাম, আগামীতেও থাকবো। তিনি উপজেলা নির্বাচনে নিজেদের পছন্দের প্রার্থীদের উৎসব মুখর পরিবেশে ভোট প্রদান করার অনুরোধ জানান।

এসময় গাংনী উপজেলা যুবলীগের সাধাারণ সম্পাদক শফি কামাল পলাশ, সহসভাপতি আল ফারুক, ষোলটাকা ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার পাশাসহ উপজেলা ও ইউনিয়ন যুবলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ষষ্ঠ উপজেলা নির্বাচনের গাংনীতে মোট ১০ জন প্রার্থী মনোনয়ন দাখিল করলেও মজিরুল ইসলাম ও ওয়াসিম সাজ্জাদ লিখন প্রত্যাহার কেও নেন। পরে গতকাল রবিবার (১২ এপ্রিল) পারিবারিক ও ব্যাক্তিগত কারণ দেখিয়ে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন সাবেক এমপি পত্নি লাইলা আরজুমান বানু শিলা।

বর্তমানে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও বর্তমান চেয়ারম্যান এমএ খালেক, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ

সম্পাদকসহ ৬ জন প্রার্থী চেয়ারম্যান ও ৬ জন ভাইসচেয়ারম্যান প্রার্থী নির্বাচনী মাঠে রয়েছেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় শশুর ও পুত্রবধু আহত

মেহেরপুর—কুষ্টিয়া সড়কের চোখতোলা নামক স্থানে নির্মাণাধীন রাস্তার ছড়ানো খোঁয়ায় মোটরসাইকেল দুর্ঘটনায় শশুর জামাল উদ্দীন (৭৫) ও তার পুত্রবধু তমা খাতুন (২৪) মারাত্বক আহত হয়েছেন।

আজ রবিবার সন্ধ্যায় এই দুর্ঘটনা ঘটে। আহতদের বাড়ি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত জামাল উদ্দীন জানান, সন্ধ্যার দিকে পুত্রবধু তমা খাতুনকে নিয়ে মোটরসাইকেলযোগে গাংনী উপজেলার চেংগাড়া থেকে নিজ গ্রাম হোগলবাড়িয়াতে যাচ্ছিলেন। চোখতোলা নামক স্থানে রাস্তার উপর ছড়ানো পাথরের উপর মোটরসাইকেলের চাকা উঠে গেলে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যায়। পরে স্থানীয়রা তাদের আহতাবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

গাংনীতে ব্যবসায়ীর ফেলে যাওয়া টাকা ফেরত দিলো পাখিভ্যান চালক

পাখি ভ্যানের উপর ফেলে যাওয়া ৯ লাখ টাকা ফিরে পেলেন গাংনী উপজেলা শহরের কাঁচামালের আড়ৎ ব্যবসায়ী সাহাজুল ইসলাম।

আজ সোমবার (১২ মে) দুপুর ২ টার দিকে টাকার মালিক সাহাজুল ইসলামকে পাখি ভ্যান চালক স্বন্দীপন তার ভ্যানে ফেলে যাওয়া টাকাসহ ব্যাগটি ফিরিয়ে দেন।

এসময় গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওনসহ স্থানীয় ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

পাখিভ্যান চালক স্বন্দীপন গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের খ্রীস্টান সম্প্রদায়ের মনার ছেলে।

গাংনী বাজারের বিশিষ্ট সবজি আড়ত ব্যবসায়ী সাহাজুল ইসলাম জানান, সকালের দিকে গাংনী কাঁচাবাজার এলাকা থেকে স্বন্দীপনের পাখিভ্যানে চড়ে আমার নিজ বাড়িতে আসি। টাকার ব্যাগটি ভ্যানের চালকের সিটের পেছনে হুকের সাথে ঝুলিয়ে রেখেছিলাম। ভ্যান থেকে নেমে যাওয়ার সময় টাকার ব্যাগটি নিতে ভুলে গেছিলাম। পরে ভ্যান চালককে খুঁজছিলাম। এসময় ভ্যান চালক স্বন্দীপন টাকার ব্যাগটি নিয়ে আমাকে খুঁজছিলেন। পরে বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওনের মাধ্যমে আমাকে টাকার ব্যাগটি ফিরিয়ে দেন।

এদিকে ভ্যান চালক স্বন্দীপনের মহত্ব দেখে গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন তার ফেসবুক পেজে লিখেছেন, “আমি আজ সত্যিই গর্বিত যে, স্বন্দিপের মতো মানুষের প্রতিনিধি হতে পেরে”।

রাস্তা না থাকায় নির্মাণের ৭ মাসেও চালু হয়নি সেতু

মেহেরপুর-কুষ্টিয়া জেলার বেতবাড়িয়া-মধুখালী গ্রামের মাথাভাঙ্গা নদীর উপর নির্মাণ কাজ শেষ হলেও ৭ মাসেও চালু হয়নি সেতুটি। রাস্তা না হওয়ার কারনে সেতুটি ব্যবহার করতে পারছেনা দুই জেলার কয়েক লাখ বাসিন্দা। ফলে চরম দূর্ভোগে পড়েছে এলাকাবাসি। জটিলতা কাটিয়ে দ্রত সময়ের মধ্যে চলাচলের উপযোগি করার দাবি স্থানীয়দের।

চলতি বছর প্রায় সাড়ে ৭ কোটি টাকা ব্যয়ে গাংনী ও দৌলৎপুর

গাংনী উপজেলা প্রকৌশলী মো: ফয়সাল হোসেন বলেন, জমি অধিগ্রহণ জটিলতায় আটকে গেছে দাবি করে সমাধানের চেষ্টা চলছে বলে জানিয়েছে তিনি।

গাংনীর রংমহলে বিজিবির অভিযানে ৬ কেজি গাঁজাসহ আটক ২

৬ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) রংমহল ক্যাম্প।

আটকরা হলেন, গাংনী উপজেলার রংমহল গ্রামের আলম শেখের ছেলে শাহারুল ইসলাম (৩৩) ও একই গ্রামের আব্দুল গনির ছেলে মিজানুর রহমান (৩০)।

আজ শনিবার (১১ মে) সকালের দিকে মেহেরপুরের গাংনী উপজেলার ভারতীয় সীমান্তের আন্তর্জাতিক ১৩৭/৪ এস পিলারের নিকট বাংলাদেশের অভ্যন্তরে একটি ঘাসের জমিত অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে বস্তায় প্যাকেট অবস্থায় ৫ কেজি ৮ শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। ৪৭ বিজিবির রংমহল ক্যাম্পের কমান্ডার হাবিলদার মোহা: রবিউল ইসলাম এই অভিযানে নেতৃত্ব দেন।

হাবিলদার মোহা: রবিউল ইসলাম জানান, সীমান্তবর্তি রংমহল মাঠের একটি নেপিয়ার ঘাসের জমিতে পাচারের উদ্দ্যেশ্যে ফেনসিডিলের একটি চালান প্রস্তুত করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। অভিযানে ৫ কেজি ৮ শ গ্রাম গাঁজাসহ শাহারুল ইসলাম ও মিজানুর রহমানকে আটক করা হয়। আটক দুজনই এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী। তাদের বিরুদ্ধে মাদকের অভিযোগে একাধিক মামলা রয়েছে।

এঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণীর ১৯(ক) ধারায় মামলা দায়ের করা হয়েছে। আসামিদের আজ শনিবার বেলা ১২ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ধান কাটতে বাঁধা দেওয়ায় জমির মালিকের উপর হামলা

মেহেরপুরের গাংনীতে জমিতে জোর করে ধান কাটতে বাঁধা দেওয়ায় জমির মালিক মুনতাজ আলীকে (৪৩) পিটিয়ে গুরুতর আহত করেছে প্রতিপক্ষ। গাংনী উপজেলার জুগিরগোফা গ্রামে বৃহস্পতিবার বিকালে এ ঘটনা ঘটে। আহত মুনতাজ আলী জুগিরগোফা গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে। এলাকার মতিউর রহমান ওরফে উজ্জ্বল নামের এক ব্যক্তির বিরুদ্ধে এ অভিযোগ উঠেছে।
আহত মুনতাজ আলী বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। এই ঘটনায় ঠেকাতে গেলে প্রতিবেশী মাসুম আলী ও তার স্ত্রী আঙ্গুরা খাতুন ঠেকাতে গেলে তাদেরকেও পিটিয়ে রক্তাক্ত জখম করেছে উজ্জ্বল ।
জানা গেছে, জুগিরগোফা গ্রামের আব্দুল বারীর ছেলে উজ্জ্বল গতকাল বৃহস্পতিবার বিকালে মুনতাজ আলীর জমিতে জোর করে ধান কেটে গাড়ি বোঝাই করে নিয়ে আসছিলেন। এসময় মুনতাজ আলী তাকে ধান কাটছেন কেনো জানতে চাইলে বাকবিতন্ডা শুরু হয়। এক পঅযায়ে জমির মালিক মুনতাজ আলীকে মারপিট শুরু করে। শারীরিক নির্যাতনের পাশাপাশি রাস্তার উপর আছাঁড় মারে।
এ সময় প্রতিবেশী মাসুম আলী ও তার স্ত্রী আঙ্গুরা তাকে ঠেকাতে গেলে তাদেরও পিটিয়ে রক্তাক্ত জখম করে। পরে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এঘটনায় আহত মুনতাজ আলী মামলা করার প্রস্তুতি নিচ্ছেন।
স্থানীয়রা নাম না প্রকাশের শর্তে জানান, মতিউর রহমান ওরফে উজ্জ্বল একজন মাদকাসক্ত। তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ রয়েছে। গ্রামের অনেকেই তার নির্যাতনের স্বীকার।

গাংনীতে উন্নত ব্যবস্থাপনায়

মাছ চাষে দক্ষতা শীর্ষক প্রশিক্ষণ

মেহেরপুর গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় দুই দিনব্যাপি উন্নত ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণটি পিএসকেএস প্রধান কার্যালয়, বাঁশবাড়িয়া, গাংনীতে অনুষ্ঠি হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান ও গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার কর্মকর্তাবৃন্দ ও মৎস্য চাষীসহ মাছ চাষে সফল খামারি।

এ সময় মাছ চাষ ব্যবস্থাপনা, গুণগত মানসম্পন্ন মাছের বৈশিষ্ট্য, মাছ চাষে সরকারের নানা পদক্ষেপ ও সফলতা, উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা, পুকুর ব্যবস্থাপনা ও মজুদকালীন ব্যবস্থাপনা, পুকুর পাড়ে চাষযোগ্য সবজি ও এর উপকারিতা নিয়ে আলোচনা, প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ ও প্রতিকার, সমন্বিত মাছ চাষের উপকারিতাসহ চাষ সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে মাঠ দিবস

পলাশীপাড়া সমাজ কল্যণ সমিতি (এসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত কৃষিখাত এর আওতায় উন্মত জাতের ধান চাষের ওপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে মাঠ দিবসের আয়োজন করা হয়। উচ্চ

ফলনশীল নতুন জাতের ব্রি ধান ১০০ ওপর আয়োজিত উক্ত মাঠদিবসের সদস্য পর্যায়ে নতুন জাতের জিংক সমৃদ্ধ ধান চাষাবাদ পদ্ধতি, বীজ তলা তৈরি, সার ব্যবস্থাপনা, সেচ ব্যবস্থাপনা, রোগ পোকামাকড় এবং ধান সংগ্রহ ও সংরক্ষন সম্পকে আলোচলা করেন, আব্দুর রউফ উপজেলা সম্প্রসারণ কৃষি কর্মকর্তা, গাংনী উপজেলা, মেহেরপুরে এছাড়াও মাঠ দিবসে আলোচনা করেন সংস্থার কৃষি কর্মকর্তা মোঃ জুয়েল বিশ্বাস, সমন্বিত কৃষি ইউনিট , গাংনী , মেহেরপুর।

সদস্যদের মাঝে প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল কৃষকের ক্ষেত পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। এ সময় সংস্থার কর্মকর্তা কৃষক কৃষাণী ও এলাকাবাসী উপস্থিত ছিলেন।

গাংনীতে ভাইস চেয়ারম্যান প্রার্থী ফারুক হাসানের গণসংযোগ

মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী প্রার্থী মো: ফারুক হাসানের পক্ষে গণসংযোগ ও ভোট প্রার্থনাসহ প্রচারোভিযান অব্যাহত রয়েছে।

প্রতিদিন সকাল থেকে সারাদিন তার কর্মী- সমর্থকদের সাথে নিয়ে গাংনী শহরসহ তার নির্বাচনী এলাকায় মানুষের কাছে প্রতিক চিনিয়ে দিচ্ছেন এবং ভোট প্রার্থনা করছেন। ফারুক হাসানের নির্বাচনী প্রতিক টিউবওয়েল।

প্রচারোভিযানে কর্মী- সমর্থকরা বলছেন, ফারুক হাসান ঠিকাদারি পেশায় থাকলেও তিনি নিরবে নিভৃতে গরীব অসহায় ও দুঃখী মানুষের পাশে থেকে সেবা করে আসছেন। ফারুক হাসান গাংনীর মানুষের কাছে একজন পরিচিত মানুষ। সন সময় তাকে প্রয়োজনে পাশে পাওয়া যাবে। তিনি যেন গাংনীর সব মানুষের সেবা করতে পারেন সে জন্য ফারুক হাসানকে তার টিউবওয়েল মার্কায় ভোট দিয়ে মানব সেবার সুযোগটুকু করে দেবেন। আসন্ন ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে প্রথম অংশ গ্রহণকারী ভাইস

চেয়ারম্যান পদ প্রার্থী ফারুক হাসান গাংনী উপজেলার অত্যান্ত পরিচিত ব্যাক্তি কমরেড আব্দুল মাবুদ এর ছেলে।

ফারুক হাসান বলেন, জনগণ আমাকে উৎসাহ দিয়ে নির্বাচনে অংশগ্রহণ করতে বলায় ভাইস চেয়ারম্যান পদে অংশগ্রহণ করেছি। আমার টিউবওয়েল মার্কায় ভোট দিয়ে মানুষের সেবা করার সুযোগ দিলে আমি মানুষের সেবায় নিজেকে আত্মনিয়োগ করব।। তিনি আরো বলেন, আমি আমার নির্বাচনী এলাকায় যেখানে যেখানে গিয়েছি সাধারণ ভোটারদের মাঝে আমি ব্যাপক সাড়া পেয়েছি। আশা করছি বিপুল ভোটে আমি জয় লাভ করব। আমাদের মধ্যে যারা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন তাদের মধ্যে বিচার-বিশ্লেষণ করেই মানুষ টিউবওয়েল প্রতীকের প্রতি অন্যরকম ছাড়া ফেলেছে।

আগামী ২১ মে ২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত হবে ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন। এ নির্বাচনে উপজেলা ভাইস চেয়ারম্যান পদে অংশ গ্রহন করছেন ফারুক হাসান (টিউবওয়েল) দেলোয়ার হোসেন মিঠু(তালা চাবি) ও রেজাউর রহমান(চশমা)।